# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

সূত্র: নাসিক/ওয়ার্ড নং-০৬/১১৯ তারিখ: ১৪/০২/২০২৬ খ্রি.

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ১৮/০২/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় ৬নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচীঃ-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মান ও উন্নয়ণ প্রস্থাবনা প্রসঙ্গে।
৩। মশক নিধন কার্যক্রম।
৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।
৫। বিবিধ।

শুভেচ্ছান্তে,

15.02.2026

(মোঃ হাসানুল ইসলাম)
সভাপতি
৬নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
সহকারী প্রকৌশলী (সিভিল)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ০৬নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হাসানুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী (সিভিল)<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| ওয়ার্ড নং | : | ০৬ |
| সভার তারিখ | : | ১৮/০২/২০২৬খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার স্থান | : | ০৬নং ওয়ার্ড কার্যালয়। |

### সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ হাসানুল ইসলাম কমিটির সদস্য সচিব জনাব ইব্রাহিম খলিল সজিব'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কামিটির সদস্য সচিব জনাব ইব্রাহিম খলিল সজিব পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ৬নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা প্রসঙ্গে। | ৬নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব ইব্রাহিম খলিল সজিব অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। সিদ্ধিরগঞ্জ জোনাল অফিস ভবন নির্মাণ।<br>২। মন্ডলপাড়া কবরস্থানের পূর্বপাশে মা ফাতেমা মসজিদের সামনে আরসিসি ড্রেন নির্মাণ।<br>৩। মন্ডলপাড়া রেল লাইনের পাশে কালভার্ট।<br>৪। পশ্চিম মুনলাইট হক সাহেবের পুকুর থেকে প্রধান সড়ক আরসিসি ড্রেন নির্মাণ।<br>৫। পূর্ব মুনলাইট হান্নান এর বাড়ি থেকে প্রধান সড়ক পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ। | ৬নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে প্রশাসক, নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

CamScanner

**আলোচ্যসূচী-৩: মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম প্রসঙ্গে। | ৬নং (WLCC)'র সদস্য সচিব জনাব মোঃ ইব্রাহিম খলিল সজিব বলেন, মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আমাদের ওয়ার্ডে ইতোমধ্যে বেশ কয়েকটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়মিতভাবে লার্ভা ধ্বংস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলো চিহ্নিত করে সেখানে বিশেষ নজরদারি রাখা হয়েছে। জমে থাকা পানি অপসারণে পরিচ্ছন্নতা কর্মসূচি চলমান রয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ফগিং ও কীটনাশক স্প্রে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। পাশাপাশি ওয়ার্ডবাসীর মাঝে সচেতনতা বাড়াতে মাইকিং ও সরাসরি যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। সকলের সহযোগিতায় এসব কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়ন হবে বলে আমরা আশাবাদী। | ৬নং ওয়ার্ডের এসব কার্যক্রমকে সাধুবাধ জানিয়ে সকলকে ধন্যবাদ জানান এবং এ কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত হয়। | ৬নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-৪: অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবহিতকরন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে ৬নং ওয়ার্ড WLCC এর সদস্য সচিব জনাব ইব্রাহিম খলিল সজিব জানান যে, জনগনের নিকট সরকারি দপ্তরের জবাব দিহিতা নিশ্চিত করন, সেবার মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) প্রনয়ন করছে। যার প্রেক্ষিতে, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি, আভ্যন্তরীন সেবা বা নাগরিক অধিকার বিষয়ে অভিযোগ দায়ের করতে পারবেন। এ সকল অভিযোগ নিষ্পত্তির জন্য নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনাব হেমায়েত হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা'কে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়'কে আপিল কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রদান করছে। যার প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে অনলাইনে নিদিষ্ট ফরমে অভিযোগ দাখিলের ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও, যে কোন নাগরিক সেবা প্রদান পদ্ধতি ও সুশাসন সংশ্লিষ্ট বিষয়ে লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন। জনাব মোঃ হযরত আলী উপস্থিত সবাইকে যৌক্তিক অভিযোগ দাখিলের মাধ্যমে সেবার মানোন্নয়ন এবং উক্ত বিষয়টি প্রচারের জন্য মাইকিং করার অনুরোধ জানান। | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের এ কার্যক্রম গ্রহনের জন্য উপস্থিত সকল সদস্য কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং প্রত্যেকে স্ব-স্ব অবস্থান হতে সেবার মানোন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ ও অভিযোগ জানাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬নং ওয়ার্ড WLCC কমিটি। |

CS CamScanner

**আলোচ্যসূচী-৫: বিবিধ।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | WLCC'র সদস্য জনাব মাহমুদা নাসরিন বলেন যে, ৬নং ওয়ার্ডে অধিক হারে মাদক সেবনকারী দিন দিন বেড়ে চলছে। যার কারনে চুরি-ছিনতাই ও ইপটিজিং ইত্যাদি অপরাধমূলক কাজে তারা লিপ্ত হচ্ছে। তাই তিনি এই অপরাধমূলক কাজে যাতে লিপ্ত না হয় তার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ করেন। | আইন শৃংঙ্খলা বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ৬নং ওয়ার্ড WLCC কমিটি। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

18.02.2026

(মোঃ হাসানুল ইসলাম)
সভাপতি
৬নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
সহকারী প্রকৌশলী (সিভিল)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ০৬ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হাসানুল ইসলাম | সভাপতি | 01720-025599 | 18.02.2026 |
| ০২ | জনাব মোঃ ওয়াসিম আসলাম | সদস্য | 01684-213763 | |
| ০৩ | জনাব মাহমুদা নাসরিন | সদস্য | 01600-225952 | Nasrin |
| ০৪ | এড. মোঃ শাহ আলম মানিক | সদস্য | 01780-488656 | মানিক |
| ০৫ | জনাব মাহাবুব আলম | সদস্য | 01716-594503 | |
| ০৬ | জনাব মোঃ আব্দুল্লাহ প্রধান জন্টু | সদস্য | 01715-311692 | |
| ০৭ | জনাব মোঃ হানিফ | সদস্য | 01711-007334 | |
| ০৮ | জনাব আফসানা আক্তার | সদস্য | 01403-739853 | Afsana |
| ০৯ | জনাব শাহানা | সদস্য | 01606-073739 | |
| ১০ | জনাব মোঃ আবু খান | সদস্য | 01911-908955 | |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ কামাল হোসেন | সদস্য | 01999-314779 | [illegible] |
| ১২ | জনাব সামছুন নাহার মিথী | সদস্য | 01956-758880 | Mithi |
| ১৩ | জনাব মোঃ শাহ আলম | সদস্য | 01774-945106 | |
| ১৪ | জনাব রওশন আলী | সদস্য | 01984-577594 | |
| ১৫ | জনাব সামিয়া আক্তার | সদস্য | 01975-587558 | Samiya |
| ১৬ | জানাব মোঃ তমিজ উদ্দিন | সদস্য | 01721-088429 | |
| ১৭ | জনাব আহসান হাবিব সোহাগ | সদস্য | 01852-345043 | Sohag |
| ১৮ | জনাব ইব্রাহিম খলিল সজিব | সদস্য সচিব | 01672-331393 | [illegible] |

CamScanner